

**মুহাম্মদ আজিজ খানকে এশিয়ার "আউটস্ট্যান্ডিং লিডারের"
সম্মাননায় ভূষিত করল এইসেস পুরস্কার ২০২০**



(সিঙ্গাপুর) ১৮ই নভেম্বর ২০২০, বুধবার: সামিট গ্রুপ অফ কোম্পানীজের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খানকে এশিয়ার অন্যতম আউটস্ট্যান্ডিং লিডারের উপাধিতে ভূষিত করলো মরস্ গ্রুপ (MORS Group) আয়োজিত এইসেস পুরস্কার ২০২০। এ বছর জুরি প্যানেল সিঙ্গাপুর থেকে সাতজন প্রতিনিধিত্বকারীদের মধ্যে তাঁর অসামান্য নেতৃত্বের জন্য তাকে এই স্বীকৃতি প্রদান করলেন। সম্প্রতি এক ভার্চুয়াল সংবাদ সম্মেলনে এইসেস পুরস্কার ২০২০-এর বিজয়ীদের নাম ঘোষণা করা হয়। সংবাদ সম্মেলনে মরস্ গ্রুপের (MORS Group) সিইও শাংগারি বালাকুশান বলেন, "সামিটের অবকাঠামো তৈরির প্রচেষ্টা তাদেরকে পরিণত করেছে অর্থনৈতিক সমৃদ্ধির আকাঙ্ক্ষার অগ্রদূতে।"

এই স্বীকৃতি লাভে মুহাম্মদ আজিজ খান বলেন, "আমি চাই আমার কাজের মাধ্যমে সকলকে সযত্নে নেতৃত্ব দিতে। আমি বিশ্বাস করি যে সব সময় আমার আশপাশে পরিবার, সহকর্মী আর বন্ধুদের মধ্যে নেতৃত্ব দেবার অনুপ্রেরণা জাগাতে সক্ষম হয়েছি।"

মুহাম্মদ আজিজ খান সামিট পাওয়ার ইন্টারন্যাশনাল, সামিট হোল্ডিংস লিমিটেড এবং ইপকো ডেভেলপমেন্টস (বাংলাদেশ) লিমিটেডের প্রতিষ্ঠাতা এবং চেয়ারম্যান। সামিট গ্রুপের প্রধান কার্যালয় সিঙ্গাপুরে অবস্থিত। এটি বাংলাদেশের বৃহত্তম অবকাঠামো উন্নয়নকারি শিল্পগোষ্ঠী। প্রতিষ্ঠানটিতে প্রায় ৬,০০০ লোকের কর্মসংস্থান রয়েছে। মূলত বিদ্যুৎ-জ্বালানি, বন্দর, লজিস্টিক, তথ্য-প্রযুক্তি এবং আতিথেয়তা খাতে সামিট গ্রুপের বিনিয়োগ রয়েছে। ২০২০ সালের ফোর্বসের তথ্যানুসারে আজিজ খান সিঙ্গাপুরের ৩৭তম ধনী। এছাড়া তিনি ফিনল্যান্ডের অনরারি কনসাল জেনারেল হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমবিএ ডিগ্রিধারী। তিনি আঞ্জুমান আজিজ খান এর সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ। তাদের তিনজন কন্যাসন্তান রয়েছে যাদের নাম আয়েশা, আদিবা ও আজিজা।

মুহাম্মদ আজিজ খানের পূর্ণাঙ্গ প্রোফাইল দেখুন:

<https://www.acesawards.com/stories/leadership/muhammed-aziz-khan/>

এইসেস পুরস্কার সম্পর্কে:

দ্য এইসেস পুরস্কার মরস্ গ্রুপের একটি উদ্যোগ। মরস্ গ্রুপের লক্ষ্য হলো বিভিন্ন প্রতিষ্ঠান, কর্পোরেট লিডারস এবং বিশিষ্ট শিল্পপতিদের সারা বিশ্বের বাজার বিশেষজ্ঞদের কাছে শিখতে, নেতৃত্ব ও টেকসই উৎকর্ষ সাধন প্রদর্শন করতে, স্টেকহোল্ডার এবং কর্মকর্তাদের উত্তম উপায়ে সংযুক্ত করতে এবং প্রগতিশীল শিক্ষার সংস্কৃতিকে আলিঙ্গন করতে প্ল্যাটফর্ম তৈরিতে সহায়তা করা। ২০১২ সালে প্রতিষ্ঠিত মরস্ গ্রুপ বিচিত্র অভিজ্ঞতাসম্পন্ন পরিচালনা পর্ষদ দ্বারা পরিচালিত হয় যারা এশিয়ার টেকসই প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

বিজয়ীদের পূর্ণাঙ্গ তালিকা দেখুন: <https://www.acesawards.com/>

মিডিয়া অনুসন্ধানের জন্য যোগাযোগ করুন:

মোহসেনা হাসান

ইমেইল: mohsena.hassan@summit-centre.com

মোবাইল: ০১৭১৩ ০৮১৯০৫

বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন: www.summitpowerinternational.com